

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 13-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Jal Sanchay Jan Bhagidari Award :**

জল সঞ্চয় ক্ষেত্রে অসাধারণ সাফল্যের জন্য উত্তর ত্রিপুরা জেলাকে উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে সেরা জেলা হিসাবে জল সঞ্চয় জনভাগিদারি পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আগামী ১৮ই নভেম্বর নতুন দিল্লিতে বিজ্ঞান ভবনে এক অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করবেন। এখানে উল্লেখ্য এবছর জাতীয় জল পুরস্কার পাচ্ছে সিপাহীজলা জেলা।

\*\*\*\*\*

**Union Cabinet- Condemns Terrorist Attack :**

দিল্লির লালকেল্লার কাছে গাড়ি বিস্ফোরণে প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করে কেন্দ্রীয় মন্ত্রিসভা গতকাল একটি প্রস্তাব গ্রহণ করেছে। দেশের নাগরিকদের জীবন ও নিরাপত্তার প্রতি সরকার দৃঢ় সংকল্প বলেও মন্ত্রিসভা জানিয়েছে। পরে নতুন দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেন, এদিনের বৈঠকে সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের আপোষ না করার নীতি পুনর্ব্যক্ত করা হয়েছে। সঙ্কটকালে বিভিন্ন কর্তৃপক্ষ, নিরাপত্তা সংস্থা ও নাগরিকদের সাহসী এবং মানবিক প্রতিক্রিয়ারও প্রশংসা করেছে মন্ত্রিসভা।

\*\*\*\*\*

**Union Cabinet-Export Promotion Mission :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা গতকাল ‘রপ্তানি প্রসার মিশন’-এ অনুমোদন দিয়েছে। এই প্রকল্পে ব্যয় হবে ২৫ হাজার কোটি টাকার’ও বেশী। ২০২৫-২৬-এর কেন্দ্রীয় বাজেটে এই উদ্যোগ ঘোষিত হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন অতিক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারি শিল্পগুলি, নতুন রপ্তানিকারক এবং শ্রম নির্ভর ক্ষেত্রগুলির মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধি এর মূল লক্ষ্য।

\*\*\*\*\*

### **Mukhyomontri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলায় মুখ্যমন্ত্রী সমীপেষুর ৫৭তম পর্বে রাজ্যের বিভিন্ন অঞ্চল থেকে আগত জনগণের সমস্যা কথায় শুনেন এবং তাদ্রুত নিরসনের নির্দেশ দেন। উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা।

\*\*\*\*\*

### **Book Fair :**

আগামী বছর জানুয়ারি প্রথম সপ্তাহ থেকে আগরতলা বই মেলা শুরু হবে। গতকাল আগরতলা স্ককান্ত একাডেমিতে আগরতলা বইমেলা প্রস্তুতির বিষয়ে এক বৈঠক এই সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়, উচ্চ শিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার প্রমুখ। বৈঠক শেষে তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব প্রদীপ চক্রবর্তী জানান, আগরতলা বইমেলার সময়সূচী ও স্থান সম্পর্কে পরে সিদ্ধান্ত নেওয়া হবে।

\*\*\*\*\*

## **Shivraj Singh Chouhan :**

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে কৃষি দেশের সভ্যতার ভিত্তি। তিনি বলেন পশ্চিম দেশগুলির উত্থানের আগেও ভারত নিজস্ব বীজ তৈরি করেছিল। নতুনদিল্লিতে উদ্ভিদ প্রজাতির সুরক্ষা এবং কৃষক অধিকার কর্তৃপক্ষের একবিংশতিতম প্রতিষ্ঠা দিবসে ভাষণে শ্রী চৌহান উল্লেখ করেন যে ভারত বিশ্বের প্রথম দেশ যারা উদ্ভিদ প্রজাতির সুরক্ষার জন্য আইন প্রণয়ন করেছে।

\*\*\*\*\*

## **CMO Unakoti :**

উনকোটি জেলায় গত ৫ নভেম্বর থেকে ১০ নভেম্বর পর্যন্ত মোট ৭০ জনের রক্তের নমুনা পরীক্ষা করা হয়। এর মধ্যে ১৩ জনের রিপোর্ট-এ ডেঙ্গু পজিটিভ পাওয়া গেছে। জেলা স্বাস্থ্য দপ্তর থেকে জানানো হয়েছে পরিস্থিতি মোকাবিলায় দপ্তর দ্রুত পদক্ষেপ নিয়েছে। আক্রান্ত এলাকাগুলিতে ইতিমধ্যে ৫টি স্বাস্থ্য শিবির আয়োজন করা হয়েছে। পাশাপাশি, আশাকর্মী ও এমপিডব্লিউরা বাড়ি বাড়ি গিয়ে মশা নিয়ন্ত্রণ ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা প্রচার চালাচ্ছেন। আক্রান্তদের উপর নিয়মিত পর্যবেক্ষণ ও ফলো-আপ কার্যক্রমও চলছে।

\*\*\*\*\*

## **Food Safety :**

ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ স্ট্রিট ভেন্ডরস অফ ইন্ডিয়া'র উদ্যোগে ও রাজ্য ফুড সেফটি কমিশনের সহযোগিতায় গতকাল বটতলায় মজদুর মনিটরিং সেল এর কার্যালয়ে নিরাপদ খাদ্য পরিবেশন সম্পর্কিত একদিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে ফুড সেফটি কমিশনের আধিকারিক অজিত কুমার

শহরের বিভিন্ন রাস্তায় যারা খাবার বিক্রি করেন তাদেরকে গুণগত মান বজায় রেখে খাদ্য সরবরাহ করার বিষয়ে সচেতন করেন।

\*\*\*\*\*

### **Bal Vaigganik Pradarshani :**

বিদ্যালয় পর্যায়ে বাল বৈজ্ঞানিক প্রদর্শনী-২০২৫ আজ বেলা ১২টায় আগরতলার উমাকান্ত একাডেমি ইংরেজী মাধ্যম বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। এই প্রদর্শনীতে বিদ্যালয়ের ১০০ জন ছাত্র ৫০ টি বিজ্ঞান বিষয়ক মডেল উপস্থাপন করবে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*